# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২১৩

১/ বিবিধ

আরবী

إني لأعلم أرضا يقال لها: عمان، ينضح بجانبها البحر، الحجة منها أفضل من حجتين من غيرها
ضعيف

أخرجه الإمام أحمد في " المسند " (رقم 4853) والثقفي في " مشيخته النيسابوريين " (184 - 185) والبيهقي في " سننه " (4 / 335) من طريق الحسن ابن هادية قال: لقيت ابن عمر فقال لي: ممن أنت؟ قلت: من أهل عمان، قال: من أهل عمان؟ قلت: نعم، قال: أفلا أحدثك ما سمعت من رسول الله صلى الله عليه وسلم؟ قلت: بلى، فقال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: فذكره
قلت: ورجاله كلهم ثقات معرفون، غير ابن هادية هذا فقد ذكره ابن أبي حاتم في " الجرح والتعديل " (1 / 2 / 40) ولم يذكر فيه جرحا ولا تعديلا
وأما قول الحافظ في " اللسان ": قال ابن أبي حاتم عن أبيه: لا أعرفه فأخشى أن يكون انتقل نظره إلى ترجمة أخرى عقب هذه، روى ابن أبي حاتم فيها عن أبيه ما نقله الحافظ عنه، والله أعلم
وأما ابن حبان فقد ذكره في " الثقات " (4 / 123) ، وهذا منه على عادته في توثيق المجهولين كما سبق التنبيه عليه مرارا، وتوثيق ابن حبان هذا هو عمدة الهيثمي حين قال في " المجمع " (3 / 217) : رواه أحمد ورجاله ثقات
وحجة الشيخ الفاضل أحمد محمد شاكر في قوله في تعليقه على " المسند ": إسناده

صحيح، وهذا غير صحيح لما سبق، وكم له في هذا التعليق وغيره من مثل هذه التصحيحات المبنية على مثل هذه التوثيقات التي لا يعتمد عليها لضعف مستندها

বাংলা

২১৩। আমি অবশ্যই একটি যমীন সম্পর্কে জানি, যাকে বলা হয় ওমান, যার একদিকে বিস্তৃত রয়েছে সমুদ্র। সেখান হতে হাজ্জ (হজ্জ) করা অন্য স্থান হতে দু'বার হাজ্জ (হজ্জ) করার চেয়েও অতি উত্তম।

হাদীসটি দুর্বল।

এটি ইমাম আহমাদ "মুসনাদ" গ্রন্থে (নং ৪৮৫৩), সাকাফী "মাশীখাতুন নাইসাপুরীয়ীন" গ্রন্থে (১৮৪-১৮৫) এবং বাইহাকী তার "সুনান" গ্রন্থে (৪/৩৩৫) হাসান ইবনু হাদিয়া সূত্রে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাসান ইবনু হাদিয়া ছাড়া হাদীসটির সকল বর্ণনাকারী নির্ভরযোগ্য। তাকে ইবনু আবী হাতিম "আল-জারহু ওয়াত তাদীল" গ্রন্থে উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। তবে ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে বলেছেনঃ ইবনু আবী হাতিম তার পিতা হতে বর্ণনা করে বলেছেনঃ আমি তাকে চিনি না। কিন্তু ইবনু হিব্বান তাকে "আস-সিকাত" গ্রন্থে (৪/১২৩) উল্লেখ করেছেন। মাজহুল বর্ণনাকারীদেরকে নির্ভরযোগ্য বলা তার আদাত হওয়ার কারণে।

ইবনু হিব্বান কর্তৃক তাকে নির্ভরযোগ্য বলার কারণে হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৩/২১৭) বলেছেনঃ হাদীসটির বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। আহমাদ মুহাম্মাদ শাকির ইমাম আহমাদের এ হাদীসটির সনদকে সহীহ বলেছেন, কিন্তু তাদের এ সহীহ্ বলাটা সঠিক নয়, যা একটু পূর্বেই উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5473

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন